

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ জুলাই ২০২২ খ্রি.

সিটি মেয়রের সাথে বিদায়ী
পুলিশ কমিশনারের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাথে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের বিদায়ী কমিশনার সালেহ্ মোহাম্মদ তানভীর পিপিএম আজ বুধবার অপরাহ্নে চসিকের বাটালি হিলস্থ অস্থায়ী ভবনে মেয়র দপ্তরে বিদায়ী সাক্ষাত করেন। চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর মেয়াদকালে চট্টগ্রাম নগরীর আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় বিদায়ী কমিশনাকে ধন্যবাদ জানান এবং তাঁর কর্মজীবনের উত্তরোত্তর সফলতা কামনা করেন। তাঁকে সার্বিক সহযোগিতা করায় মেয়রের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এসময় কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, জহুরুল আলম জসীম ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম উপস্থিত ছিলেন।

সুনামগঞ্জে বন্যায় দূর্গত জনসাধারণের সাহায্যে
ত্রানসামগ্রী পাঠালো চসিক

সুনামগঞ্জের বন্যায় অসহায় ও দূর্গত মানুষের মাঝে খাদ্য সহায়তা দেয়ার জন্য চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর উদ্যোগে ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম ও জহুরুল আলম জসীমের নেতৃত্বে একটি টিম সুনামগঞ্জের উদ্দেশ্যে রওয়ানা করেন। বন্যায় দূর্গত অসহায় জনসাধারণের মাঝে বিতরণের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রতিনিধি দল এই প্যাকটজাত শুকন খাদ্য সামগ্রী সুনামগঞ্জ জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করবেন। চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পক্ষে তিনি উক্ত খাদ্য সামগ্রী এলাকায় বিতরণ করবেন। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ বুধবার বিকেলে আন্দরকিল্লা পুরাতন নগর ভবন চত্বরে তাদের বিদায় জানান। সে সময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব গাজী শফিউল আজিম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম প্রমুখ।

উল্লেখ্য ইতোপূর্বে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে সিলেট ও সুনামগঞ্জের বন্যার্ত অসহায় জনসাধারণের স্বাস্থ্য সেবা দেওয়ার জন্য একটি মেডিকেল টিম পাঠানো হয়েছে। মেয়র সরকারের পাশাপাশি বেসরকারী সংস্থা ও বিত্তবানদের সারাদেশের বন্যাকবলিত মানুষের সহযোগিতায় এগিয়ে আসার আহ্বান জানান।

জাতীয় পার্টি নেতা সামশুল আলম মাস্টারের মৃত্যুতে সিটি মেয়রের শোক

জাতীয় পার্টির কেন্দ্রীয় ভাইস চেয়ারম্যান, পটিয়া পৌরসভার সাবেক মেয়র সামশুল আলম মাস্টারের মৃত্যুতে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। এক শোকবার্তায় তিনি মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কানমনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩